গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
এনটিআর-১
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৪৩.১৬.০০৬.২৪ -০৮

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৩ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

**পরিপত্র**

**বিষয়: কর-বহির্ভূত রাজস্ব (Non-Tax Revenue) বা এনটিআর এবং জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর রাজস্ব (Non-NBR Tax Revenue) বা নন-এনবিআর কর রাজস্ব সংগ্রহ ও সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে প্রণীত নির্দেশিকা-২০২৪।**

সরকারের জাতীয় বাজেট প্রণয়নে অর্থের যোগান দিতে করের পাশাপাশি কর-বহির্ভূত রাজস্ব (এনটিআর) এবং জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত (নন-এনবিআর) কর রাজস্বের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এ দু'টি উৎস থেকে সরকারের রাজস্ব আদায় বৃদ্ধির উল্লেখযোগ্য সম্ভাবনা রয়েছে। এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব আদায় বৃদ্ধিকল্পে একটি সময়োপযোগী নির্দেশিকা প্রণয়ন ও অনুসরণ করা প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব এর যথাযথ লক্ষ্যমাত্রা নির্ধারণ, যৌক্তিক ফি ও কর আরোপ, সঠিক খাত চিহ্নিতকরণ, সরকারের প্রাপ্য সুদ ও লভ্যাংশ নিয়মিতভাবে আদায় নিশ্চিতকরণ এবং সম্পদের সুষ্ঠু বণ্টন, সংগ্রহ ও ব্যবস্থাপনার লক্ষ্যে এ নির্দেশিকা প্রণয়ন করা হলো:

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন:**

(ক) এ নির্দেশিকা "কর-বহির্ভূত রাজস্ব (Non-Tax Revenue) বা এনটিআর এবং জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত কর রাজস্ব (Non-NBR Tax Revenue) বা নন-এনবিআর কর রাজস্ব সংগ্রহ ও সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে প্রণীত নির্দেশিকা-২০২৪" নামে অভিহিত হবে;

(খ) এ নির্দেশিকা অবিলম্বে কার্যকর হবে।

২। **সংজ্ঞা: বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে, এ নির্দেশিকায়-**

(ক) "কর বহির্ভূত রাজস্ব (এনটিআর)" অর্থ কর বহির্ভূত উৎস থেকে সরকারের অর্জিত রাজস্বকে বুঝাবে, যা নিম্নরূপ:

(i) "সুদ" অর্থ বিভিন্ন আর্থিক সম্পদ (এসডিআর, আমানত, ঋণ সিকিউরিটিজ, ঋণ এবং অন্যান্য প্রাপ্য হিসাব) এর বিনিয়োগের কারণে মালিকানা কর্তৃক অন্যান্য প্রাতিষ্ঠানিক ইউনিট হতে আয়। সরকার কর্তৃক স্থানীয় সরকার, রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান কিংবা সরকারি কর্মচারীকে প্রদত্ত ঋণের ওপর ধার্যকৃত সুদ এই গ্রুপে হিসাবভুক্ত করা হয়;

(ii) "প্রশাসনিক ফি" অর্থ রাষ্ট্রায়ত্ত কোন সেবা প্রাপ্তির লক্ষ্যে বাধ্যতামূলকভাবে প্রদেয় ফি, কমিশনকে বুঝাবে [জিএফএস ম্যানুয়াল ২০১৪, ৫ম অধ্যায়ের প্যারা ৫.১৩৮];

(iii) "লভ্যাংশ" অর্থ আর্থিক ও অ-আর্থিক খাতে রাষ্ট্রায়ত্ত, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন, সরকারি মালিকানাধীন কোম্পানি কর্তৃক নিট মুনাফার বণ্টনযোগ্য অংশ যা মূলধন বিনিয়োগের জন্য এর মালিক হিসেবে সরকার প্রাপ্য হয়।

(iv) "চার্জ" অর্থ সরকার কর্তৃক সরবরাহকৃত বিভিন্ন পরিষেবা বা পণ্যের মূল্য হিসেবে গৃহীত অর্থকে বুঝাবে;

(v) "ভাড়া" অর্থ সরকারি মালিকানাধীন বিভিন্ন প্রাকৃতিক সম্পদ যেমনঃ ভূমি, খনি এবং অন্যান্য প্রাকৃতিক সম্পদ ইজারা বা লিজের মাধ্যমে অন্যান্য প্রাতিষ্ঠানিক ইউনিটকে সাময়িকভাবে ব্যবহারের জন্য অনুমতি দেওয়া হয়। উৎপাদন প্রক্রিয়ায় এই প্রাকৃতিক সম্পদ ব্যবহারের জন্য ইজারাদার বা lessee এর নিকট হতে সরকার যে আয় করে তা এ গ্রুপে হিসাবভুক্ত করা হয়;

(vi) "ইজারা" অর্থ চুক্তিভিত্তিক শর্তসাপেক্ষে স্থাবর সম্পত্তি ইজারাদাতা কর্তৃক ভোগদখলের অধিকার ইজারা গ্রহিতাকে হস্তান্তরের বিনিময়ে প্রাপ্ত অর্থকে বুঝাবে;

(vii) "রয়্যালটি" অর্থ উৎপাদন বা বিক্রয়ের ভিত্তিতে সরকারি মালিকানাধীন বিভিন্ন প্রাকৃতিক সম্পদ ব্যবহারের জন্য অন্যান্য প্রাতিষ্ঠানিক ইউনিট কর্তৃক সরকারকে প্রদত্ত ভাড়া বা খাজনাকে বুঝাবে;

(viii) "টোল" অর্থ সড়ক, সেতু বা এ ধরণের অবকাঠামো ব্যবহারের বিপরীতে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে আরোপিত অর্থকে বুঝাবে;

(ix) "বিপণনযোগ্য প্রতিষ্ঠান কর্তৃক বিক্রয়" অর্থ সরকারি বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত পণ্য ও সেবার বিক্রয়মূল্যকে বুঝাবে [জিএফএস ম্যানুয়াল ২০১৪, ৫ম অধ্যায়ের প্যারা ৫.১৩৬];

(x) "অবিপণনযোগ্য প্রতিষ্ঠান কর্তৃক বিক্রয়" অর্থ সাধারণ সরকারি ইউনিটের অবিপণনযোগ্য প্রতিষ্ঠানের যা প্রশাসনিক ফি ব্যতীত পণ্য ও সেবার বিক্রয়কে বুঝাবে। এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে সরকারি দপ্তর ও সংস্থার স্বাভাবিক সামাজিক বা কমিউনিটি কার্যক্রমের সাথে সম্পর্কিত বিক্রয়;

(xi) "স্ক্র্যাপ" অর্থ স্থায়ী সম্পদ সৃষ্টিকালে কিংবা উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত কাঁচামালের অপ্রয়োজনীয় ও অব্যবহারযোগ্য উপাদান, কোনো যন্ত্রপাতি হতে বিচ্ছিন্নকৃত ব্যবহার অনুপযোগী খন্ডাংশ বিক্রয়লব্ধ অর্থকে বুঝাবে;

(xii) "জরিমানা" অর্থ দেওয়ানি আইন বা ফৌজদারি আইনে ব্যবহৃত শাস্তির একটি রূপ বা আর্থিক শাস্তি, যা অপরাধের প্রকৃতির ভিত্তিতে নির্ধারিত এবং বিচারকের আদেশে অপরাধী কর্তৃক পরিশোধিত অর্থকে বুঝাবে;

(xiii) "উদ্বৃত্ত অর্থ" বলতে 'উদ্বৃত্ত তহবিল আইন, ২০২০' এর তফশিলভুক্ত কোন সংস্থার বাৎসরিক পরিচালনা ব্যয়, নিজস্ব অর্থায়নে সরকারের পূর্বানুমোদনক্রমে গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য বাৎসরিক ব্যয় ও বাৎসরিক পরিচালনা ব্যয়ের ২৫% এর অতিরিক্ত অর্থকে বুঝাবে;

(খ) "জাতীয় রাজস্ব বোর্ড বহির্ভূত (নন-এনবিআর) কর রাজস্ব" অর্থ সরকার কর্তৃক নির্ধারিত কর রাজস্ব যা জাতীয় রাজস্ব বোর্ড এর রাজস্ব ও রাজস্ব আদায়ের ক্ষেত্রে কতিপয় জরিমানা/ ফি ব্যতীত অন্য যেকোন কর রাজস্ব এবং অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ অথবা সরকার বা সরকারের আংশিক বা পূর্ণ মালিকানাধীন কোন প্রতিষ্ঠান/সংস্থার মাধ্যমে অর্জিত কর রাজস্বকে বুঝাবে; যা নিম্নরূপঃ

(i) "ভূমি উন্নয়ন কর" অর্থ জমি ভোগ দখলের সুবিধার জন্য সরকারকে প্রতি শতাংশ হারে বছরভিত্তিক প্রদত্ত অর্থকে বুঝাবে (ভূমি উন্নয়ন কর আইন ২০২৩);

(ii) "মাদকদ্রব্য ও মদ শুল্ক" অর্থ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এ প্রদত্ত ক্ষমতাবলে মাদকদ্রব্যের ওপর আরোপিত শুল্ককে বুঝাবে;

(iii) "সড়ক কর" অর্থ সড়ক রক্ষণাবেক্ষণ ও নির্মাণ, ট্রাফিক ব্যবস্থাপনা উন্নতি, গণপরিবহণ ব্যবস্থাপনা, পরিবেশগত সুরক্ষা ও দূষণ হ্রাস এবং সড়ক নিরাপত্তা ব্যবস্থা উন্নতির জন্য প্রয়োজনীয় রাজস্ব আহরণ এবং সেসাথে যানবাহনের মালিকানা নিয়ন্ত্রণ করার জন্য আরোপকৃত ফি কে বুঝাবে [সড়ক পরিবহণ আইন ২০১৮];

(iv) "স্ট্যাম্প ডিউটি" অর্থ এক ধরণের ট্যাক্স যা সম্পদ বা ডকুমেন্ট বা সম্পত্তি হস্তান্তর, প্রতিশ্রুতি চুক্তিপত্র, আর্থিক লেনদেনের ক্ষেত্রে আইনগত বৈধতা/সুরক্ষা দেয়। প্রাপক কর্তৃক প্রাপ্যতার স্বীকৃতি প্রদানের জন্য রেভেনিউ স্ট্যাম্প প্রদান করতে অথবা দাবিকৃত বিলে কর্তনপূর্বক রেভেনিউ স্ট্যাম্পের মূল্য আদায়কে বুঝাবে [স্ট্যাম্প আইন ১৮৯৯];

(v) "ছাপযুক্ত দলিলের উপর শুল্ক" অর্থ একটি রাজস্ব স্ট্যাম্প যা কোন ডকুমেন্ট বা দলিলের উপর এ্যামবস ছাপের মাধ্যমে যুক্ত করা হয় এবং যা দ্বারা প্রয়োজনীয় কর পরিশোধিত হিসেবে গণ্য হয়। এ এ্যামবস স্ট্যাম্প অ্যালকোহল, আর্থিক লেনদেন, রসিদ, চেক এবং কোর্ট ফিসহ স্ট্যাম্প ডিউটি এবং শুল্কসহ বিভিন্ন ধরণের কর এবং শুল্ক সংগ্রহকে বুঝাবে।

(গ) "কোড" বলতে অর্থ বিভাগ কর্তৃক সৃজিত অর্থনৈতিক কোডকে বুঝাবে; যা **পরিশিষ্ট-১** এ সংযুক্ত করা হলো।

৩। **প্রশাসনিক মন্ত্রণালয়ের করণীয়:**

(ক) মন্ত্রণালয়/বিভাগের রাজস্ব আয়ের সক্ষমতা অনুযায়ী এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব লক্ষ্যমাত্রা যৌক্তিকভাবে নির্ধারণ করবে;

(খ) সেবা প্রদানের ব্যয় (approximate cost of services rendered), জীবনযাত্রার মান, মূল্যস্ফীতি, অর্থনৈতিক অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় রেখে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ প্রদত্ত সেবাসমূহের রেইট/ফি ০৩ (তিন) বছর পরপর অথবা প্রয়োজনের নিরিখে যথাসময়ে হালনাগাদ করবে ;

(গ) মন্ত্রণালয়/বিভাগসমূহ এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব এর আওতা সম্প্রসারণের জন্য নতুন নতুন ক্ষেত্র চিহ্নিতকরণের উদ্যোগ গ্রহণ করবে;

(ঘ) মন্ত্রণালয়/বিভাগ এর বাজেট ডেস্ক অফিসার এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে বিবেচিত হবে;

(ঙ) এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব আদায়ে দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে প্রয়োজনে প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করবে;

(চ) সংগৃহীত/আদায়কৃত রাজস্ব সরকারি কোষাগারে জমা প্রদানের ক্ষেত্রে আবশ্যিকভাবে অটোমেটেড চালান (এ-চালান) ব্যবহার করবে; জমা প্রদান সংশ্লিষ্ট তথ্য যেমন টাকার পরিমাণ, খাত, চালান নম্বর ইত্যাদি নির্দিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করবে;

(ছ) সেবা প্রদানকালে গৃহীত ফি/চার্জ/টোল/ইজারা/ভাড়া ইত্যাদি আদায়ের দিনই জমা প্রদান নিশ্চিত করবে, তবে পরিষেবা বা কার্যক্রমটির ধরণ যদি অফিস সময়ের পরে বা সরকারি ছুটির দিনে সম্পন্ন হয় তাহলে পরবর্তী কর্মদিবসে আবশ্যিকভাবে 'এ-চালান' এর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করবে;

(জ) সংগৃহীত/আদায়কৃত এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব অনুচ্ছেদ ৩ (চ) এবং (ছ) অনুসারে সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিত করবে; যৌক্তিক কারণ ব্যতীত সরকারি কোষাগারে জমা প্রদানে ব্যর্থ হলে সরকারি প্রচলিত বিধি বিধান অনুসারে দায়ী ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা নিশ্চিত করবে;

(ঝ) বিদ্যমান সেবামূল্য হালনাগাদ করার ক্ষেত্রে জনগণকে সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করে নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান করবে;

(ঞ) মন্ত্রণালয়/বিভাগসমূহের বাজেট ওয়ার্কিং গ্রুপ এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় ব্যয়ের খাতসমূহের পাশাপাশি এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব আয়ের বিষয়টিকে আবশ্যিকভাবে যথাযথ গুরুত্বের সাথে আলোচনা করবে;

(ট) মন্ত্রণালয়/বিভাগ বিভিন্ন সেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে সময়ে সময়ে প্রয়োজনের নিরীখে আইন, প্রবিধান এবং এর সর্বোত্তম অনুশীলন ও দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার ও উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করবে;

(ঠ) ত্রৈমাসিক ভিত্তিতে এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব এর লক্ষ্যমাত্রার বিপরীতে আদায় পরিস্থিতি পর্যালোচনাপূর্বক অর্থ বিভাগে প্রতিবেদন প্রেরণ করবে;

(ড) সেবা/পরিষেবার মূল্য/ফি নির্ধারণ, পুনঃনির্ধারণ অথবা অপরিবর্তিত রাখার বিষয়ে যৌক্তিকতা নিরূপণপূর্বক একটি বিশ্লেষণাত্মক প্রতিবেদন প্রতি বছর অক্টোবর মাসের মধ্যে অর্থ বিভাগে প্রেরণ করবে।

৪। **অর্থ বিভাগের করণীয়:**

(ক) মন্ত্রণালয়/বিভাগের সাথে ত্রৈমাসিক পর্যালোচনা সভা আয়োজন করবে;

(খ ) রেইট/ফি নির্ধারণ/পুনঃনির্ধারণ/আরোপের বিষয়ে মতামত প্রদান করবে;

(গ) এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব সংক্রান্ত নীতি প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করবে। সকল সরকারি সেবার ফি/সেবামূল্যের একটি তথ্যভান্ডার (Database) তৈরি করবে;

(ঘ) এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব সংক্রান্ত তথ্য সংগ্রহ ও রক্ষণাবেক্ষণ প্রক্রিয়াকে সুষ্ঠু ও সহজসাধ্য করার জন্য আধুনিক তথ্য প্রযুক্তির প্রয়োগ করবে এবং এর সাথে সংযোগ সাধনের কার্যক্রম গ্রহণ করবে;

(ঙ) এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ও রাজস্ব আদায় সংক্রান্ত প্রতিবেদন বিশ্লেষণ/মূল্যায়ন পর্যালোচনা করবে;

(চ) এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্বের লক্ষ্যমাত্রা ও প্রকৃত আদায়ের তারতম্য/ ত্রুটি-বিচ্যুতি বিশ্লেষণ করে যথাযথ কার্যক্রম চিহ্নিতকরণ এবং তা উত্তরণের জন্য যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ করবে এবং উক্ত পদক্ষেপের কার্যকারিতাও মূল্যায়ন করবে;

(ছ) নির্ধারিত সকল কোডের আওতায় এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব জমা পরিস্থিতি পরিবীক্ষণ ও লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনে সচেতনতা বৃদ্ধির বিষয়ে সভা, সেমিনার, কর্মশালার আয়োজন করবে;

(জ) এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব বাবদ সংগৃহিত অর্থ 'এ-চালান' এর মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান কার্যক্রম পরিবীক্ষণ করবে এবং প্রয়োজনে কার্যকরী দিকনির্দেশনা প্রদান করবে।

৫। **অন্যান্য নির্দেশনা**

(ক) এনটিআর এবং নন-এনবিআর কর রাজস্ব বাবদ আদায়কৃত সকল রাজস্ব বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ৮৪ (১) অনুযায়ী যথাযথ নিয়ম অনুসরণে জমা প্রদান করবে;

(খ) এ নির্দেশিকার সাথে অন্য কোন আইন, বিধি, বা নীতিমালা সাংঘর্ষিক হলে বা অস্পষ্টতা পরিলক্ষিত হলে তা দূরীকরণে অর্থ বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে; এবং

(গ) প্রয়োজনের নিরিখে অর্থ বিভাগ এ নীতিমালার যেকোন সংশোধন, সংযোজন, বিয়োজন বা পরিবর্ধন করতে পারবে।

yusuf ০৬/১০/২০২৪

(ড. মোহাম্মদ আবু ইউছুফ)
অতিরিক্ত সচিব
ফোন: ০২-২২৩৩৫৬০১৪
ই-মেইল: ma_yusuf@hotmail.com

নং-০৭.০০.০০০০.১৪৩.১৬.০০৬.২৪ -০৮

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ / ০৩ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৩। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব (সকল)................................................... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৫। সদস্য (সকল)............................................................পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ/কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
৭। অনুবিভাগ প্রধান (সকল)............................................অনুবিভাগ, অর্থ বিভাগ, ঢাকা।
৮। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, রাষ্ট্রায়ত্ত/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত (সকল) সংস্থা।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। অফিস কপি।